

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নলডাঙ্গা, নাটোর।
www.naldanga.natore.gov.bd

স্মারক নং: ০৫.৪৩.৬৯৫৫.০০০.১১.০২৮.১৪- ১১২৬

তারিখ: ২২ কার্তিক, ১৪৩০
০৭ নভেম্বর, ২০২৩

“নিয়োগ বিজ্ঞপ্তি”

নাটোর জেলার নলডাঙ্গা উপজেলায় ০৪ টি ইউনিয়ন পরিষদের ০৫(পাঁচ) টি (গ্রামপুলিশ) মহল্লাদার এর শূণ্য পদ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা ২০১৫ এর ৩(১) এর (ক) বিধি অনুযায়ী ০৪ (চার) টি ইউনিয়নের মহল্লাদারের শূণ্যপদ পূরণের লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন ও ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা হলো।

পদের নাম	ইউনিয়নের নাম	পদের সংখ্যা	ওয়ার্ড নম্বর	মাসিক বেতন ভাতা	বয়স	শিক্ষাগত যোগ্যতা
মহল্লাদার	ব্রহ্মপুর	০১	০২ নং ওয়ার্ড	সরকারি অংশ ৩,২৫০/-	১৮-৩০ বছর, বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যাদের ক্ষেত্রে ৩২ বছর	নূনাতম ৮ম শ্রেণি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
	মাধনগর	০২	০১ ও ০৩ নং ওয়ার্ড	ইউ.পি অংশ ৩,২৫০/-, অর্থমন্ত্রণালয়ের (০৭/১০/২০১৮ খ্রিঃ এর ২৯১নং স্মারক এবং স্থানীয় সরকার বিভাগের ০৪/১১/২০১৮ খ্রিঃ এর ৫৯৫ নং স্মারক মোতাবেক বেতন ভাতা প্রাপ্য হবেন)।		
	বিদ্রবেলঘড়িয়া	০১	০২ নং ওয়ার্ড			
	পিপরুল	০১	০৫ নং ওয়ার্ড			

আবেদনের শর্তাবলীঃ

০১. আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, নলডাঙ্গা, নাটোর বরাবর আগামী ২৮ নভেম্বর, ২০২৩ তারিখের মধ্যে অফিস চলাকালীন (ছুটির দিন ব্যতিত) সরাসরি/ডাকযোগে প্রেরণ করতে হবে।
০২. প্রার্থীকে বাংলাদেশের নাগরিক ও সংশ্লিষ্ট ওয়ার্ড তথা ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।
০৩. পুরুষ প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা কমপক্ষে ৫ ফিট ৪ ইঞ্চি, বুকের মাপ কমপক্ষে ৩২ ইঞ্চি এবং ওজন কমপক্ষে ৫০ কেজি হতে হবে। মহিলা প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা কমপক্ষে ৫ ফিট এবং ওজন কমপক্ষে ৪৫ কেজি হতে হবে।
০৪. প্রার্থীকে শারীরিক ও মানসিকভাবে সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে।
০৫. আবেদনকারীকে (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম(ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) পদের নাম (ইউনিয়নের নাম ও ওয়ার্ড নম্বরসহ) (ছ) জন্ম তারিখ (জ) ২৮ নভেম্বর ২০২৩ তারিখে বয়স, (ক) জাতীয়তা (এক) ধর্ম (ট) পাসপোর্ট সাইজের ২ কপি সত্যায়িত ছবি (ঠ) অভিজ্ঞতা (যদি থাকে) (ড) শিক্ষাগত যোগ্যতার বিবরণ:

পরীক্ষার নাম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	বোর্ডের নাম	প্রাপ্ত বিভাগ/ডিগ্রি	পাশের সাল	মন্তব্য
--------------	-------------------------	-------------	----------------------	-----------	---------

০৬. আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
 - (ক) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।
 - (খ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি সত্যায়নকারী কর্মকর্তার নামযুক্ত সীলমোহর থাকতে হবে।
 - (গ) আবেদনকারীকে আবেদনপত্রের খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।
০৭. প্রার্থীর বয়সসীমা ২৮ নভেম্বর ২০২৩ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে; তবে বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যাদের ক্ষেত্রে ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
০৮. বীর মুক্তিযোদ্ধা প্রার্থীকে এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পুত্র/কন্যা হিসেবে প্রার্থীকে আবেদনের সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মূল সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
০৯. নির্বাচনী পরীক্ষা/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১০. কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংশোধন ও পরিবর্তন, পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবেন।
১১. কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন বা নিয়োগ বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
১২. অসম্পূর্ণ, ভ্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ সরাসরি বাতিল বলে গণ্য হবে।
১৩. সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য সকল শর্তাবলি পালন করা হবে।
১৪. গ্রামপুলিশ (মহল্লাদার) পদের আবেদনপত্র www.naldanga.natore.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।



দেওয়ান আকরামুল হক
উপজেলা নির্বাহী অফিসার
নলডাঙ্গা, নাটোর।
ফোন-০২৫৮৮৮৭৯৮০১